# সাধারণ নির্দেশিকা

১। কোভিড-১৯ অতিমারির আবহে বিদ্যালয়ে স্বাভাবিক পঠন-পাঠন ব্যাহত হয়েছে। কোভিড অতিমারির মধ্যেও শিক্ষার্থীদের পঠন-পাঠন অব্যাহত রাখার উদ্দেশ্যেই মডেল অ্যাক্টিভিটি টাস্ক-এর সূত্রপাত।

২। কোভিড অতিমারির মধ্যে বিদ্যালয়ে স্বাভাবিক পঠন-পাঠন বন্ধ থাকলেও শিক্ষার্থীদের অভিভাবকদের মাধ্যমে প্রতি মাসে মিড-ডে মিল বিতরণ করা হচ্ছে। মিড-ডে মিলের সঙ্গেই অভিভাবকদের হাতে তুলে দেওয়া হচ্ছে মডেল অ্যাক্টিভিটি টাস্কগুলি। পরের মাসে মিড-ডে মিল সংগ্রহ করার সময় অভিভাবকরা শিক্ষার্থীদের করা মডেল অ্যাক্টিভিটি টাস্কের উত্তরগুলি মূল্যায়নের জন্য শিক্ষক-শিক্ষিকাদের হাতে তুলে দিচ্ছেন।

৩। মডেল অ্যাক্টিভিটি টাস্কগুলি মূল্যায়নের মাধ্যমে কাম্য শিখন সামর্থ্য অর্জনের পথে শিক্ষার্থীরা কী কী অন্তরায়ের সম্মুখীন হচ্ছে শিক্ষক-শিক্ষিকারা তা চিহ্নিত করতে পারবেন ও যথাযথ ব্যবস্থা নিতে পারবেন।

৪। মডেল অ্যাক্টিভিটি টাস্কগুলি থেকেই বাছাই করে বিভিন্ন শ্রেণির জন্য নির্দিষ্টমানের প্রশ্নপত্র তৈরি করা হয়েছে।

৫। শিক্ষার্থীরা প্রশ্নগুলির উত্তর লিখবে।

৬। শিক্ষক-শিক্ষিকারা বিদ্যালয়ে বসেই উত্তরপত্রগুলির মূল্যায়ন করবেন।

৭। উত্তরপত্রগুলি মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীরা কাম্য শিখন সামর্থ্য অর্জনে কতটা সফল হলো তা শিক্ষক-শিক্ষিকারা বুঝতে পারবেন।

# বাংলা

## তৃতীয় শ্রেণি

### পূর্ণমান-৪০

**১. নীচের বাঁ দিকের কথাগুলির মধ্যে যেটা ঠিক তার পাশে (✓) চিহ্ন আর যেটা ভুল তার পাশে (×) চিহ্ন দাও :**

**১ × ৬ = ৬**

১.১ 'সত্যি সোনা' গল্পে বুড়ো চাষির ছেলে ছিল অত্যন্ত নির্লোভ। ☐

১.২ 'আমরা চাষ করি আনন্দে' কবিতাটি লিখেছেন বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর। ☐

১.৩ 'আমাকে ক্ষমা করবেন।' — কথাটি বলেছেন কুলি হিসেবে এগিয়ে আসা ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। ☐

১.৪ 'দেয়ালের ছবি' গল্পে বাঘকে শিকারি লোটায় করে পুকুরের ঠান্ডা জল এনে দিয়েছিল। ☐

১.৫ সুনির্মল চক্রবর্তীর লেখা একটি বইয়ের নাম 'কুসুমপুরের শালিক'। ☐

১.৬ ফুলপরিরা তাদের দেশ থেকে অনেক ফুল নিয়ে এসেছিল। ☐

**২. একটি বাক্যে উত্তর দাও : ১ × ১০ = ১০**

২.১ 'সেটা বলব বলেই তো ডেকেছি তোমায়।' — বক্তা কোন্ কথা বলবেন?

২.২ 'পুলক' শব্দটি দিয়ে একটি বাক্য রচনা করো।

২.৩ 'নিজের হাতে নিজের কাজ' গল্পের ঘটনাটি কোথায় ঘটেছে?

২.৪ 'দুজনে রওনা দিল বনের পথে।' — কোন্ দুজনের কথা এখানে বলা হয়েছে?

২.৫ 'সারাদিন' কবিতায় শিশুটি খাতার পাতায় কী কী আঁকে?

২.৬ 'জীবনভর' শব্দের অর্থ কী? শব্দটি ব্যবহার করে একটি বাক্য রচনা করো।

২.৭ 'আমি তবে একশোটা দাঁড় আঁটি,
পাল তুলে দিই চারটে পাঁচটা ছটা—' —কেন কথক এমনটি করতে চায়?

২.৮ 'সেক্সটান্ট'–এর কাজ কী?

২.৯ 'পর্যটন' কবিতায় মহেশ দাসের গন্তব্য কোথায়?

২.১০ 'শানুর বাবাই বলছিল কথাটা।' —কথাটি কী?

**৩. নিজের ভাষায় উত্তর দাও : ২ × ৭ = ১৪**

৩.১ 'আমরা চাষ করি আনন্দে' কবিতায় প্রকৃতির রূপ কীভাবে ফুটে উঠেছে?

৩.২ 'আমি আর কখনও নিজের কাজ নিজের হাতে করতে সঙ্কুচিত হব না।' — ডাক্তারবাবুর এমন প্রতিজ্ঞা করার কারণ কী?

৩.৩ 'তোমরা কী? মানুষ না পিশাচ?'—সোনার একথা বলার কারণ কী?

৩.৪ 'আমরা শুধু যাব মা', তিনজনে'— 'তিনজন' কে কে? তারা কোথায় যেতে চায়?

৩.৫ 'সংস্কৃতের দিদিমণি নাম রেখেছেন নদীমাতৃকা।' —কেন তিনি এমন নাম রেখেছেন?

৩.৬ 'ভালো তো নয় বাঁকা / সোজা সহজ পথের থেকে।' —কথাটির তাৎপর্য কী?

৩.৭ 'তখন পৃথিবী ছিল অনেক সবুজ, অনেক সুন্দর।' —সেই সময়ের কথা 'গাছেরা কেন চলাফেরা করে না' গল্পে কীভাবে ফুটে উঠেছে?

**৪. শূন্যস্থানে ঠিক বর্ণ বসিয়ে শব্দ তৈরি করো : ১ × ২ = ২**

৪.১ প্র তি ______________________

৪.২ ______________________ ঙ্গ ল

**৫. নীচের বাক্যগুলোর শব্দ কীভাবে তৈরি লেখো:** **১ × ২ = ২**

৫.১ ধানের শিষে পুলক ছোটে।

৫.২ ছোটো দাওয়া পেরিয়ে তারা ঘরে ঢুকল।

**৬. নীচের প্রশ্নগুলির উত্তর দাও :** **১ × ২ = ২**

৬.১ বাংলা ভাষায় স্বরবর্ণ কী কী?

৬.২ 'দ্বিস্বর' কাদের বলা হয়?

**৭. বর্ণবিশ্লেষণ করো—** **১ × ২ = ২**

৭.১ আকাঙ্ক্ষা

৭.২ স্বাধীনতা

**৮. নীচের শব্দগুলো কী কী বর্ণ দিয়ে তৈরি?** **১ × ২ = ২**

৮.১ অসাবধানি

৮.২ বিপর্যস্ত

# ENGLISH
## Class III
## Full Marks - 40

---

**1. Read the following passage and answer the questions given below:**

We use water for different purposes. We collect from various sources. Children use water for washing their hands at school. For household activities we get water from tube well. This water is clean and safe for drinking. A gardener waters his plants. He gets it from ponds. Water from wells can also be used for purposes like cooking, drinking, washing and bathing.

**A. Make a list of the various uses of water.** **1× 6 = 6**

i) ______________

ii) ______________

iii) ______________

iv) ______________

v) ______________

vi) ______________

**B. Fill in the blanks using the correct form of Verbs (or Doing words):** **1× 4 = 4**

i) She ______________ to play in the field. (love/loves)

ii) We ______________ to school every day. (walk/walks)

iii) I ______________ the footsteps of someone. (hear/hears)

iv) Our teacher ______________ us English. (teach/teaches)

**2. Read the passage and answer the questions that follow:**

Prawns also live in water. Prawns are not fish. They are insects. They can also swim very fast. The body of a prawn is covered with a soft shell. A prawn has no backbone.

**A. Answer the following questions :** **2 × 3 = 6**

a) Where do prawns live?

b) What covers the body of a prawn?

c) Does a prawn swim slowly?

**B. Write 'T' for True and 'F' for False against the statements in the boxes given below:** **1 × 3 = 3**

a) Prawns are insects. ☐

b) Prawns have backbones. ☐

c) Prawns cannot swim. ☐

**3. Read the passage and answer the questions that follow:**

Once upon a time, three fishes lived in a lake. They were very close friends. All three of them were very different from one another.

The first one believed in fate. He thought what had to happen would happen. The second one was intelligent. He thought he knew how to solve a problem with his intelligence. The third one was the wise one. He thought long before taking any action.

**A. Write 'T' for True and 'F' for False against the statements in the boxes given below: 1× 3 = 3**

a) There were three fishes. ☐

b) The fishes lived in a river. ☐

c) The fishes hated one another. ☐

**B. Answer the following questions: 2× 3 = 6**

a) Which fish was intelligent?

______________________________

b) What did the third fish do before taking an action?

______________________________

c) What did the first fish think?

______________________________

**4. Fill in the blanks with appropriate action words from the list: 1× 3 = 3**

a) Rubina____________ bread with a knife.

c) The Earth _____________ light from the Sun.

d) Lion ________________ flesh.

[List: gets, eats, cuts]

**5. Fill in the table by correctly adding -d or -ed to the words: 1 × 4 = 4**

| Now | Then |
|---|---|
| ask | |
| turn | |
| smile | |
| laugh | |

**6. Write four sentences on the bird you like. Use the following points : 5**

Points : name of the bird - how it looks - what it eats - why you like it

# গণিত

## তৃতীয় শ্রেণি

### পূর্ণমান - ৪০

---

**নীচের প্রশ্নগুলির উত্তর লেখো :**

**১. বহুমুখী উত্তরধর্মী প্রশ্ন (MCQs) :** **১ × ৭ =৭**

১.১. নীচের সংখ্যা চারটির তিন অঙ্কের সংখ্যাটি হলো

(a) ০১২ (b) ১০২

(c) ০১ (d) ১০

১.২. ২,৩,৪ সংখ্যা তিনটি দিয়ে গঠিত তিন অঙ্কের সবথেকে বড়ো সংখ্যাটি হলো

(a) ২৩৪ (b) ৩৪২

(c) ৪৩২ (d) ৪২৩

১.৩. ২৩৮ ÷ ৩ করলে আমরা পাবো ২৩৮ = ৩ × ৭৯ + ১ এখানে ভাগফল হলো

(a) ২৩৮ (b) ৩

(c) ৭৯ (d) ১

১.৪. শচীনের রান ১২৮, সংখ্যাটিতে ২-এর স্থানীয় মান

(a) ১-এর স্থানীয় মান থেকে বেশি (b) ১-এর স্থানীয় মান থেকে কম

(c) ২ (d) ২০০

১.৫. ৫২ × ৩ =

(a) ৫ × ৩ + ২ × ৩ (b) ৫০ × ৩ + ২ × ৩

(c) ২০ × ৩ + ৫ × ৩ (d) ৫ × ২ × ৩

১.৬. একটি জামার দাম ১০০ টাকা, এইরূপ ৪টি জামা কিনতে খরচ হবে

(a) (১০০ + ৪) টাকা (b) (১০০ × ৪) টাকা

(c) (১০০ – ৪) টাকা (d) (১০০ ÷ ৪) টাকা

১.৭ ৩৬০ কে ৩ দিয়ে ভাগ করলে ভাগফলে শতকের ঘরের অঙ্কটি হলো

(a) ০ (b) ৩

(c) ১ (d) ৬

**২. সত্য / মিথ্যা (T/F) লেখো :** **১ × ৭ =৭**

২.১. ৯৯ -এর পরের সংখ্যাটি দুই অঙ্কের।

২.২. ৩০২-কে স্থানীয় মানে বিস্তার করে লিখলে পাবো ৩০ + ০ + ২ ।

২.৩. ৫৫৫ + ৫ এই যোগফলে এককের ঘরের অঙ্কটি ০।

২.৪. দ্রাবিড়ের রান ১১৯ এবং লক্ষ্মণের রান ১১১ হলে, লক্ষ্মণের রান দ্রাবিড়ের রান থেকে ৮ রান কম ।

২.৫ ভাগশেষ ভাজকের থেকে বড়ো হয়।


২.৬ ৭৭ ÷ ৭ ভাগফলটি ৮০ ÷ ৮ ভাগফল থেকে ১ বেশি।

২.৭ জোড় সংখ্যার একটি জোড়া হলো ১২,১৩।

**৩. স্তম্ভ মেলাও (যে কোনো ৩টি) :** ৩

| প্রথম স্তম্ভ | দ্বিতীয় স্তম্ভ |
|---|---|
| দুইশত পাঁচ | ১০০ ১০০ ১০ ১০ ১০ ১০ ১০ |
| পাঁচ শত দুই | ৫২০ |
| দুইশত পঞ্চাশ | ২০৫ |
| ৫০০ থেকে ২০ বেশি | ৫০০ + ০ + ২ |

**৪. বামদিকের সঙ্গে ডানদিক মেলাও (যে কোনো ৩টি) :** ৩

| ক | খ |
|---|---|
|  |  |
|  | ২০ টাকা |
| ৬৫ টাকা |  |
|  |  |

৫. ৫.১. ছোটো থেকে বড়ো সাজাও : ৪২৩, ২০৫, ২৩৬, ৫৮৬ ৪ × ৫ =২০

৫.২. সাজিয়ে বিয়োগ করো : ৫০১ – ২৯

৫.৩. আজ মাসুমের জালে ১৯৮ টি রুই মাছ উঠেছে আর দীপুর জালে ১৭৬টি রুই মাছ উঠেছে। কার জালে রুই মাছ কটা বেশি উঠেছে?

৫.৪. **গুণ করো :** ১৩৫ × ৬

৫.৫. ৬০৫ টি আপেল ৬টি বাক্সে সমান সংখ্যায় রাখলে প্রত্যেকটি বাক্সে কতগুলো আপেল রাখা হলো? বাক্সের বাইরে কতগুলো রইলো।

# আমাদের পরিবেশ
## তৃতীয় শ্রেণি
## পূর্ণমান - ৪০

**১. ঠিক উত্তর নির্বাচন করো :** ১ × ৬ = ৬

১.১ কাঁচা আমের স্বাদ পাওয়া যায় যে ইন্দ্রিয়ের সাহায্যে তা হলো —

(ক) চামড়া (খ) চোখ (গ) কান (ঘ) জিভ।

১.২ পুষ্টিকর নয় এমন একটি খাবার হলো —

(ক) মাছ (খ) ডিম (গ) সবজি (ঘ) চিপস।

১.৩ মাটির নীচের একটি আনাজ হলো —

(ক) ঢেঁড়শ (খ) ঝিঙে (গ) আলু (ঘ) কুমড়ো।

১.৪ আগেকার দিনের মানুষ পোশাক তৈরির জন্য ব্যবহার করতো —

ক) সুতো খ) পশম গ) সিন্থেটিক উল ঘ) গাছের ছাল।

১.৫ তোমার রাজ্যের উত্তর দিকের একটি জেলা হলো—

ক) পুরুলিয়া খ) পূর্ব মেদিনীপুর গ) কালিম্পং ঘ) উত্তর ২৪ পরগনা।

১.৬ পিনকোড হলো—

ক) বাড়ির নম্বর খ) রাস্তার নম্বর গ) টেলিফোন নম্বর ঘ) পোস্ট অফিসের নম্বর।

**২. শূন্যস্থান পূরণ করো :** ১ × ৩ = ৩

২.১ শোধন করা ____________ তেল থেকে কোনো কোনো সুতো তৈরির উপাদান পাওয়া যায়।

২.২ বাড়ি তৈরির জন্য প্রকৃতি থেকে সরাসরি কাজে লাগানো যায় এমন একটি জিনিস হলো ____________।

২.৩ তোমার বাবার বড় ভাইয়ের স্ত্রী তোমার ____________ হন।

**৩. ঠিক বাক্যের পাশে '✓' আর ভুল বাক্যের পাশে '✗' চিহ্ন দাও :** ১ × ৪ = ৪

৩.১ স্কিপিং-এ হাতের কবজির কোনো কাজ হয় না।

৩.২ পেঁয়াজ হলো গাছের মূল।

৩.৩ সয়াবিন একটি প্রাণীজ খাবার।

৩.৪ শীতকালে পায়ের গোড়ালি ফেটে যায়।

**৪. বাম স্তম্ভের সঙ্গে ডান স্তম্ভের মিল করে লেখো :** ১ × ৩ = ৩

| বাম স্তম্ভ | ডান স্তম্ভ |
|---|---|
| ৪.১ পালকির বেহারা | (ক) বাড়ি-ঘর তৈরি |
| ৪.২ ডাক্তার | (খ) লুপ্ত জীবিকা |
| ৪.৩ রাজমিস্ত্রি | (গ) অ্যাপ্রন |
| | (ঘ) খাকি রঙের পোশাক |

**৫. একটি বাক্যে উত্তর দাও:** **১ × ৩ = ৩**

৫.১ শালিক পাখি শীত থেকে বাঁচার জন্য পালককে কীভাবে ব্যবহার করে?

৫.২ পাকা বাড়ির দেয়াল তৈরিতে কাজে লাগে এমন একটি উপাদানের নাম লেখো।

৫.৩ পারিবারিক জীবিকার একটি উদাহরণ লেখো।

**৬. একটি বা দুটি বাক্যে উত্তর দাও :** **২ × ৬ = ১২**

৬.১ কেন চোখের যত্ন নেওয়া প্রয়োজন?

৬.২ এমন দুটি ফলের নাম লেখো যার এক অংশ মানুষের খাদ্য না হলেও অন্য প্রাণীদের খাদ্য।

৬.৩ মহিলারা বর্ষাকালে সিন্থেটিক শাড়ি কেন পরেন?

৬.৪ কী কী কারণে মানুষ বাসস্থান পরিবর্তন করে?

৬.৫ পোষা গোরুদের চটের জামা কেন পরানো হয়?

৬.৬ ‘‘ভূমিকম্পপ্রবণ অঞ্চলে ইট-সিমেন্টের বাড়ির বদলে কাঠের বাড়ি তৈরি করা ভালো’’—এ বিষয়ে তোমার মতামত লেখো।

**৭. দুটি বা তিনটি বাক্যে উত্তর দাও :** **৩ × ৩ = ৯**

৭.১ কীভাবে নানারকম খাবার দেশে-বিদেশে ছড়িয়ে পড়লো?

৭.২ বড়ো রাস্তার পাশে বাড়ি থাকলে কী কী অসুবিধা হতে পারে?

৭.৩ বাড়ির বিভিন্ন কাজে তোমার পরিবারের অন্য সদস্যদের তুমি কীভাবে সাহায্য করো?

# স্বাস্থ্য ও শারীরশিক্ষা

## তৃতীয় শ্রেণি

## পূর্ণমান - ৪০

১। **বহুর মধ্যে থেকে সঠিক উত্তরটি খুঁজে শূন্যস্থান পূরণ করো ঃ** ১ × ৯ = ৯

(ক) সুস্বাস্থ্য : সুস্থ সবল রাখব দেহ এসো সবাই শপথ নিই,
স্বাস্থ্যবিধান চলব ................ সকলকে তার খবর দিই।
(১) মেনে (২) জেনে (৩) চিনে

(খ) সূয্যিমামা ওঠার আগে : সূয্যিমামা ওঠার আগে বিছানা ছেড়ে ওঠো,
প্রাতঃকৃত্য সেরে, মাঠে জোর কদমে ...................।
(১) ছোটো (২) হাঁটো (৩) লেখো

(গ) সুস্থ-সবল দেহ মন : সুস্থ-সবল চাও কি তুমি রাখতে দেহ মন?
প্রতিদিনই করতে তোমায় হবে .........................।
(১) ব্যায়াম (২) যোগাসন (৩) শবাসন

(ঘ) পড়ালেখা : পড়ালেখা করলে হবে জ্ঞানের ...........................,
পড়া করেই ছোট্ট যারা যেন বড়ো হয়।
(১) সঞ্চয় (২) বিতরণ (৩) পরিচয়

(ঙ) গুরুজন : তোমার মাথার ওপর জেনো আছেন গুরুজন,
চলবে তাঁদের কথা মতো, ...................... সারাক্ষণ।
(১) ভাববে (২) মানবে (৩) জানবে

(চ) নিজের যা কাজ : ................... সাফাই, জামাকাপড় রাখবে যে ঠিক করে,
টেবিলটাতে গুছিয়ে রাখো নিজেরই বই পড়ে।
(১) জুতো (২) রুমাল (৩) ব্যাগ

(ছ) একটা ফল খাওয়া চাই : আম, জাম, কলা, লিচু, শশা, পাকা বেল,
তার সাথে খেতে পারো লেবু বা ..................।
(১) আপেল (২) পেয়ারা (৩) আতা

(জ) নিয়মিত ধোবে মুখ হাত : খাওয়ার আগে খাওয়ার পরে ধোবে যে মুখ হাত,
রাতে শোবার আগে, ভোরে মাজবে তোমার ...................।
(১) হাত (২) থালা (৩) দাঁত

(ঝ) থুথু অতি নোংরা জিনিস : থুথু বা কফ, সর্দি যত, কিংবা পানের পিক,
সাবধানেতে ফেলবে তুমি দেখে ............................।
(১) ডানদিক (২) চতুর্দিক (৩) বামদিক

২। **বহুর মধ্যে থেকে সঠিক উত্তরটি খুঁজে (✓) চিহ্ন দাও :** **১ × ৯ = ৯**

(ক) ফল খেতে হলে কীভাবে খেতে হবে?

(a) বিশুদ্ধ জলে ধুয়ে খেতে হবে।
(b) জামায় মুছে খেতে হবে।
(c) না ধুয়ে খেতে হবে।
(d) ধুয়ে সব ফলেরই খোসা বাদ দিয়ে কেটে খেতে হবে।

(খ) কীভাবে ফল খাওয়া স্বাস্থ্যের পক্ষে ভালো?

(a) রাস্তার কাটাফল।
(b) অনেকক্ষণ কেটে রাখা ও ঢেকে রাখা ফল।
(c) পরিষ্কার জলে ধুয়ে সঙ্গে সঙ্গে কেটে ফল খাওয়া।
(d) ফল না কেটে খেতে হবে।

(গ) রান্না করার পরে খাবার কীভাবে রাখা উচিত?

(a) ঢাকা দিয়ে।
(b) ফ্রিজের মধ্যে।
(c) গরম উনুনের উপরে ঢিমে আঁচে।
(d) খোলা রাখা উচিত।

(ঘ) কী ধরনের খাবার খাওয়া যেতে পারে?

(a) কৃত্রিম রং দেওয়া খাবার।
(b) কোনো রঙিন খাবারই নয়।
(c) বিভিন্ন ঋতুর সকল ধরনের খাবার ও প্রাকৃতিক বিভিন্ন রং-এর খাবার।
(d) প্রাকৃতিক ও কৃত্রিম রং দেওয়া সকল ধরনের খাবার ও ফল।

(ঙ) শাকসব্জি কখন ধোওয়া উচিত?

(a) কাটার আগে।
(b) কাটার পরে।
(c) রান্না করার আগে।
(d) কখনোই নয়।

(ছ) হাত কখন কখন ধুতে হবে?

(a) খাবার খাওয়ার আগে ও পরে, শৌচের পরে, রোগীর ঘরে যাওয়ার আগে ও পরে।
(b) খাবার খাওয়ার আগে ও পরে এবং
(c) শৌচের পরে, রোগীর সংস্পর্শে আসার আগে ও পরে এবং ময়লা কোন বস্তুর সংস্পর্শে আসার পরে।
(d) ময়লা কোনো বস্তুর সংস্পর্শে আসার পরে।

(চ) খাবার চিবিয়ে খেলে কী সুবিধা হয়?

(a) খাবারের পরিপাক ভালো হয়।
(b) খাবারের পরিপাক ব্যাহত হয়।
(c) বদহজম হয়।
(d) পুষ্টির ঘাটতি হয়।

(জ) খাবার কীভাবে খাওয়া উচিত?

(a) অর্ধেক চিবিয়ে খাওয়া উচিত।
(b) দ্রুত সম্পূর্ণ গিলে খাওয়া উচিত।
(c) আস্তে আস্তে সম্পূর্ণ চিবিয়ে খাওয়া উচিত।
(d) একটু খাবার আর এক ঢোক জল এইভাবে খাওয়া উচিত।

(ঝ) কখন হাত ধুতে হবে?

(a) খাবার খাওয়ার আগে।
(b) শৌচের পরে।
(c) খাওয়ার আগে ও পরে।
(d) সব কয়টি ক্ষেত্রেই।

৩। **বহুর মধ্যে থেকে সঠিক উত্তরটি খুঁজে (✓) চিহ্ন দাও :** **১ × ৮ = ৮**

(ক) বাল্যকালের ভিত শক্ত করতে কী করতে হবে?
(a) সু-অভ্যাস পালন করা
(b) সকাল সকাল ঘুম থেকে উঠতে হবে
(c) লড়াই করা
(d) সুস্থ শরীর ও সুস্থ মন

(খ) ঘুম থেকে কীভাবে বিছানা ছেড়ে উঠতে হবে?
(a) আস্তে আস্তে ঘুম থেকে উঠতে হবে
(b) হঠাৎ লাফ দিয়ে ঘুম থেকে উঠতে হবে
(c) জেগে আধ ঘণ্টা ধরে আড়ামুড়া ভেঙে ঘুম থেকে উঠতে হবে।

(গ) নিয়মিত যোগাসন করলে কী সুযোগ পাওয়া যায়?
(a) খাবার হজম হয়
(b) দেহ সুস্থ, সবল হয় ও মন সতেজ থাকে।
(c) নমনীয়তা বৃদ্ধি পায়
(d) অবসর সময় কাটানো সম্ভব হয়

(ঘ) প্রতিদিন স্কুলেতে যেতে হয় কেন?
(a) প্রতিদিন স্কুলেতে শেখার কত কিছু আছে
(b) খেলা করা যায় তাই
(c) বাড়িতে থাকলেই সারাদিন পড়তে হয় তাই
(d) মিড - ডে - মিল পাওয়া যায় তাই

(ঙ) গুরুজন কারা?
(a) যারা আমাদের শিক্ষক
(b) বাবা, মা ঠাকুরদা ও ঠাকুরমা
(c) বাবা, মা, পরিচিত ও অপরিচিত যারা বয়সে বড়ো
(d) পরিচিত বয়সে বড়ো যারা

(ছ) রাত্রে ঘুমানোর সময় পড়ে থাকা পোশাক বদল না করলে কী ক্ষতি হতে পারে?
(a) কৃমি বা রোগজীবাণু ঐ আমাদের মাধ্যমে ছড়িয়ে পড়তে পারে।
(b) দূর গন্ধ ছড়াতে পারে
(c) রোগজীবাণু ও দূরগন্ধ ছড়াতে পারে
(d) রোগজীবাণু, দূরগন্ধ যুক্ত পোষাক বদল না করলে স্বাস্থ্যের ক্ষতি হতে পারে।

(ঝ) তোমার কাছে দামি বস্তু কোনটি?
(a) হিরে
(b) সোনা
(c) সময়
(d) জীবন

(জ) দাঁত ও মুখ কখন পরিষ্কার করতে হবে?
(a) শধুমাত্র সকাল বেলায়
(b) শুধুমাত্র রাত্রি বেলায়
(c) সকালে ও রাত্রে
(d) সকালে, দুপুরে, রাত্রে ও ভারি কোন কিছু খাবার পরে

৪। **নীচের প্রশ্নগুলির উত্তর দাও :**

(ক) জল আমাদের কী কী কাজে ব্যবহৃত হয়? ৩

(খ) জলে কী বেশি থাকলে ঐ জল আমাদের স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর হবে? ১

(গ) কী কী ভাবে বৃষ্টির জল সংরক্ষণ করা যায়? ৩

৫। **নীচের শব্দঝুড়ি থেকে সঠিক শব্দটি খুঁজে নিয়ে শূন্যস্থানটি পূরণ করো।** ১ × ৭ = ৭

(ক) **জল সংরক্ষণ**

অন্তত একবার,
পরীক্ষাগারে পানীয় জলের
________ দরকার।

(খ) **জল সংরক্ষণ**

বৃষ্টির জল ________ করা
যায় জানি কত ভাবে।

(গ) **জল সংরক্ষণ**

বৃষ্টির জল ধরে রেখে হবে
জলেরই তো ________

(ঘ) **জল সংরক্ষণ**

জল ব্যবহার করবে সবাই
তার ________ মতো,

(ঙ) **জল সংরক্ষণ**

গরমটা এলে জলের ________
মানুষ কাঁদে যে কত!

(চ) **জল সংরক্ষণ**

পানীয় জলের ________ করা
মোটেই কাম্য নয়,

(ছ) **জল সংরক্ষণ**

জলই জীবন—সকলের মনে
হোক আজ ________।

| শব্দঝুড়ি : | পরীক্ষা, ব্যবহার, প্রয়োজন, সাশ্রয়, অভাব, বোধদয়, অপচয়, জীবন |
|---|---|